

একটা কিনলে আরেকটা টিকিট ফ্রি দিচ্ছে এয়ার অ্যাস্ট্রা

- A Monitor Desk Report

Date: 14 November, 2024



ঢাকাঃ দুই বছর পূর্তির আগেই ইন্টারন্যাশনাল এয়ার ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশন (আয়াটা) মেম্বর এয়ারলাইন হিসেবে স্বীকৃতি পাওয়ায় যাত্রীদের জন্য অভূতপূর্ব অফার দিচ্ছে বেসরকারি এয়ারলাইন এয়ার অ্যাস্ট্রা।

যাত্রীদের জন্য একটি টিকিট কিনলে আরেকটি ফ্রিতে দেওয়ার অফার দিয়েছে তারা।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে এয়ার অ্যাস্ট্রা জানায়, যাত্রীদের জন্য ২০ হাজার সিট উন্মুক্ত করে বাই-ওয়ান গেট-ওয়ান টিকিট বিক্রির ঘোষণা করা হয়েছে।

এই বিশেষ অফারের টিকিট যাত্রীরা ক্রয় করতে পারবেন এয়ার অ্যাস্ট্রার ওয়েবসাইট, মোবাইল অ্যাপস এবং সেলস অফিস থেকে।

অফারটি সম্পর্কে এয়ার অ্যাস্ট্রার সিইও ইমরান আসিফ বলেন, ‘এয়ার অ্যাস্ট্রা সবসময় যাত্রীদের ভিন্ন কিছু দেওয়ার চেষ্টা করে, আমরা এরই মধ্যে ইন-ফ্লাইটে শিশুদের জন্য ফানবুক, ফাস্ট ফ্লাইট সার্টিফিকেটসহ বিভিন্ন সুবিধাদি যোগ করেছি।

আর এবার এয়ার অ্যাস্ট্রার দুই বছরপূর্তি উপলক্ষ্যে আমরা ২০ হাজার সিট বাই ওয়ান গেট ওয়ান ফ্রি অফারে দিচ্ছি’।

অফারটি পেতে হলে সর্বনিম্ন দু’জন যাত্রীকে একসঙ্গে টিকিট ক্রয় করতে হবে। একটি কিনলে একটি ফ্রি অফারে যাত্রীরা টিকিট ক্রয় করতে পারবেন ১৫ নভেম্বর থেকে আগামী ৩০ নভেম্বর পর্যন্ত এবং ভ্রমণ করতে পারবেন ২০২৫ সালের ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত।

আয়াটার মেম্বর এয়ারলাইন এয়ার অ্যাস্ট্রা বর্তমানে ঢাকা-কক্সবাজার-ঢাকা, ঢাকা-চট্টগ্রাম-ঢাকা এবং ঢাকা-সৈয়দপুর-ঢাকা রুটে প্রতিদিন ১৩টি ফ্লাইট পরিচালনা করছে।

এয়ার অ্যান্ড্রার বহরে বর্তমানে চারটি এটিআর ৭২-৬০০ এয়ারক্রাফট রয়েছে, যা ফ্রান্সে নির্মিত সর্বাধুনিক প্রযুক্তির নিরাপদ টার্বোপ্রপ এয়ারক্রাফট।

-B